উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

নং-৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৬০.১৪/২৬০২ তারিখঃ-২১/১১/২০১৭খ্রিঃ।

বিষয়ঃ-মহান বিজয় দিবস,২০১৭ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে মহান বিজয় দিবস,২০১৭ উদ্‌যাপন উপলক্ষ্যে গত ০৫/১০/২০১৭ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে(পৌরসভা সংশ্লিষ্ট অংশের) প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ সভার কার্যবিবরণী।

২১/১১/২০১৭
(এ,কে,এম আনিছুজ্জামান)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫৭২

মেয়র/প্রশাসক
----------------------------পৌরসভা
জেলা-------------------------।

অনুলিপিঃ

১। উপ-সচিব, প্রশাসন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্হানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

বিষয়ঃ মহান বিজয় দিবস ২০১৭ উদ্‌যাপন উপলক্ষে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে সভার কার্যবিবরণী।

সভাপতি : আবদুল মালেক, সচিব, স্থানীয় সরকার বিভাগ
সভার তারিখ ও সময় : ০৫/১০/২০১৭ খ্রিঃ, দুপুর ১২.০০ টায়
সভার স্থান : স্থানীয় সরকার বিভাগের সভাকক্ষ (কক্ষ নং-৬১২, ভবন-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

২। সভার প্রারম্ভে সভাপতি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যার জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। ১৯৭১-এ তাঁরই আহবানে সাড়া দিয়ে সমগ্র বাঙালি জাতি মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করে দীর্ঘ নয় মাস সশস্ত্র যুদ্ধে সীমাহীন ত্যাগ এবং অসীম বীরত্ব প্রদর্শন করে মহান বিজয় অর্জন করে। তিনিই একমাত্র নেতা যিনি স্বাধীনতার স্বপ্ন দেখেছেন; দেশের জনগণকেও স্বপ্ন দেখিয়েছেন এবং স্বাধীন বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়ন করেছেন। উন্নত জাতি হিসেবে মহান বিজয় ২০১৭ যথাযোগ্য মর্যাদায় আরো সুন্দর, সুষ্ঠ, জাঁকজমকপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে উদ্‌যাপনের লক্ষ্যে আগামী ১৬ ডিসেম্বর, ২০১৭ তেজগাঁও পুরাতন বিমান বন্দরস্থ জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠিত হবে। উক্ত কুচকাওয়াজের যান্ত্রিক বহরে স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সাফল্য যথাযথভাবে তুলে ধরতে হবে। এ ছাড়া বিভিন্ন পোষ্টার, ব্যানার ইত্যাদির মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের কার্যক্রম আকর্ষণীয় ভাবে উপস্থাপন করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

নং	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	আগামী ১৬ ডিসেম্বর, ২০১৭ তারিখ সকাল ০৭.৩০ টায় অথবা সুবিধাজনক সময়ে স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণ কলাবাগান ক্রীড়াচক্র মাঠ অথবা মাঠ সংলগ্ন রাস্তা থেকে র‍্যালী করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। এ লক্ষ্যে ০৭.০০ টায় স্হানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা ওয়াসা, ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীগণ কলাবাগান ক্রীড়াচক্র মাঠ অথবা মাঠ সংলগ্ন রাস্তায় সমবেত হবেন।	• স্হানীয় সরকার বিভাগ • স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর • জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর • জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট • জন্ম ও মৃত্যু নিবন্ধন • ঢাকা উত্তর সিটি কর্পোরেশন • ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন • ঢাকা ওয়াসা • ঢাকা মশক নিবারণী দপ্তর
২	র‍্যালীতে অংশগ্রহণকারীগণ লাল সবুজের ডিজাইন সম্বলিত ক্যাপ ব্যবহার করবেন। উক্ত ক্যাপে নিম্নোক্ত শ্লোগানটি লিখা থাকবে। মহান বিজয় দিবস ২০১৭ ------ দপ্তর/সংস্থার নাম স্থানীয় সরকার বিভাগ	

নং	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩	মহান বিজয় দিবস, ২০১৭ উদ্‌যাপনের লক্ষ্যে জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজের যান্ত্রিক বহরে স্থানীয় সরকার বিভাগ এবং দপ্তর/সংস্থার একটি গাড়ীতে ভ্রাম্যমান ডিসপ্লে প্রদর্শন করা হবে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক মহান বিজয় দিবস ২০১৭ উদ্‌যাপন উপলক্ষে যান্ত্রিক বহর সমন্বয়ের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হলঃ ০১. যুগ্মসচিব(প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ ঃ আহবায়ক ০২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী(প্রশাসন), এলজিইডি, ঢাকা ঃ সদস্য ০৩. মহা ব্যবস্থাপক(পরিবহন), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ঃ সদস্য ০৪. মহা ব্যবস্থাপক(পরিবহন), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ঃ সদস্য ০৫. নির্বাহী প্রকৌশলী (প্রশাসন) ডিপিএইচই, ঢাকা ঃ সদস্য ০৬. প্রতিনিধি, ঢাকা ওয়াসা, ঢাকা ঃ সদস্য ০৭. উপসচিব(প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ ঃ সদস্য-সচিব	• স্থানীয় সরকার বিভাগ • স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর • জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর • ঢাকা ওয়াসা • ঢাকা উত্তর সিটি কর্পোরেশন • ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
৪	অংশগ্রহণকারী যান্ত্রিক বহরে স্থানীয় সরকার বিভাগের পক্ষে একটি যানবাহন অংশগ্রহণ করবে, যান্ত্রিক বহরে যানবাহন ডিজেল অথবা পেট্রোল চালিত (সিএনজি ব্যতিত) হবে। যান্ত্রিক বহরে ব্যবহৃত গাড়ীর চালক শুরু থেকে একই ব্যক্তি হতে হবে। গাড়ী থেকে যেন কালো ধোঁয়া বের না হয় সে ব্যাপারে দৃষ্টি রাখতে হবে।	• স্থানীয় সরকার বিভাগ • স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর • জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর • ঢাকা ওয়াসা • ঢাকা উত্তর সিটি কর্পোরেশন • ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
৫	আগামী ১৭/১২/২০১৭ তারিখে স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর চত্বরে "বিজয় মেলা ২০১৭" অনুষ্ঠিত হবে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর চত্বরে আয়োজিত বিজয় মেলার বিষয়ে সংস্থাসমূহ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সাথে সার্বিক সমন্বয় করবে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পঃ একটিভেটিং ভিলেজ কোর্ট প্রকল্প, এলজিএসপি-৩ প্রকল্প নিজ নিজ প্রকল্পের কার্যক্রম প্রদর্শন করবে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা ওয়াসা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বিজয় মেলায় নিজ নিজ স্টলে বিভিন্ন সাফল্য প্রদর্শন করবে। প্রদর্শনির স্টল সংক্রান্ত এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনের বিষয়ে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন করবে।	• স্থানীয় সরকার বিভাগ • স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর • জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর • ঢাকা ওয়াসা • ঢাকা উত্তর সিটি কর্পোরেশন • ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
৬	বিজয় মেলার উদ্বোধনী অনুষ্ঠান এবং সমাপনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে খন্দকার মোশাররফ হোসেন এমপি, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় উপস্থিত থাকার সদয় সম্মতি নিতে হবে।	• স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
৭	দেশের সকল সিটি কর্পোরেশন পানির ফোয়ারাসমমূহ সকাল ও সন্ধ্যায় চালু রাখার ব্যবস্থা করবে।	সিটি কর্পোরেশন (সকল)

নং	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৮	সকল সিটি কর্পোরেশনের উদ্যোগে 'বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যগণের সংবর্ধনা' অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করবে।	সিটি কর্পোরেশন (সকল)
৯	জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে এবং মুক্তিযুদ্ধে শহীদ/আত্মদানকারী/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/প্রার্থনার জন্য সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদসমূহকে স্ব-স্ব অনুবিভাগ হতে পত্র দিতে হবে।	অনুবিভাগ প্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ
১০	ঢাকা এবং দেশের বিভিন্ন শহরে প্রধান প্রধান সড়ক ও সড়ক দ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ফেস্টুন, প্ল্যাকার্ড দ্বারা সজ্জিতকরণের জন্য সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদসমূহকে স্ব-স্ব অনুবিভাগ হতে পত্র দিতে হবে।	অনুবিভাগ প্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ
১১	সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদসমূহকে মহান বিজয় দিবস যথাযথ মর্যাদায় উদ্‌যাপনসহ কর্মসূচি বাস্তবায়নের বিষয়টি নিশ্চিত করতে স্ব-স্ব অনুবিভাগ হতে পত্র দিতে হবে।	অনুবিভাগ প্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ
১২	সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদসমূহ মহান বিজয় দিবসের কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়ন করছে কিনা এ বিষয়ে প্রত্যেক জেলার উপ-পরিচালক, স্থানীয় সরকার একটি প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে এবং বিভাগীয় কমিশনারকে অনুলিপি দিবেন।	উপ-পরিচালক, স্থানীয় সরকার(সকল)
১৩	দেশের সকল শিশু পার্ক শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রেখে এবং বিনা টিকেটে প্রদর্শনীর ব্যবস্থা করার জন্য সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও পৌরসভাসমূহে পত্র দিতে হবে।	অনুবিভাগ প্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ
১৪	এছাড়াও জাতীয় কর্মসূচির আলোকে প্রতিটি দপ্তর/সংস্থা আলাদা আলাদা কর্মসূচি প্রণয়ন করবে এবং বাস্তবায়ন করবে।	দপ্তর/সংস্থা(সকল)

সভাপতি বিজয় দিবস ২০১৭ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং ধন্যবাদ জ্ঞাপন করেন।

স্বাক্ষরিত/-
০৮/১০/২০১৭ খ্রিঃ
আবদুল মালেক
সচিব
স্থানীয় সরকার বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্হানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং ৪৬. ০৩৯. ০১৮. ০০. ০০. ০১৩. ২০১৬- ১৭৫২

তারিখঃ ২৩ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

বিতরণ ঃ

১। অতিরিক্ত সচিব(সকল)/মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব/পরিচালক(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪। উপসচিব/উপপ্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৭। কম্পিউটার প্রোগ্রামার/হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

<u>দপ্তর/সংস্থা ঃ</u>

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা।
৩। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্হানীয় সরকার বিভাগ।
৪। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্রগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর সিটি কর্পোরেশন।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।

(মোঃ জাহিদ হোসেন) ০৮/১০/১৭
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd